যুগান্তর

তারিখ · 07 · JUN · 2015
পৃষ্ঠা [illegible] কলাম ৩

# ঢাকা কলেজে নারী নির্যাতন বিরোধী স্বাক্ষর কর্মসূচিতে ছাত্রলীগের হামলা

যুগান্তর রিপোর্ট

ঢাকা কলেজে সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্টের নারী নির্যাতনবিরোধী গণস্বাক্ষর সংগ্রহ কর্মসূচিতে শনিবার হামলা চালিয়েছে ছাত্রলীগের কর্মীরা। এতে সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্টের পাঁচ নেতাকর্মী আহত হয়েছেন।

দেশব্যাপী নারী নির্যাতনবিরোধী গণস্বাক্ষর সংগ্রহ কর্মসূচির অংশ হিসেবে শনিবার ঢাকা কলেজ ক্যাম্পাসে সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্টের নেতাকর্মীরা স্বাক্ষর সংগ্রহ শুরু করে। বেলা ১১টার দিকে ছাত্রলীগ নেতা শোয়েবের নেতৃত্বে ২০-২২ নেতাকর্মী তাদের ওপর দুই দফা হামলা করে। এতে সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্টের ঢাকা কলেজ শাখার সাংগঠনিক সম্পাদক নাজমুল ইসলাম সাদ্দাম, সদস্য রাসেল সরদার, নাজমুল ইসলাম শাওন, জুননুন হাসান খান মারুফ ও তীর্থরাজ বিশ্বাসসহ কয়েকজন আহত হন।

নাজমুল ইসলাম সাদ্দাম বলেন, আগামী ১৫ জুন কেন্দ্রীয়ভাবে প্রধানমন্ত্রীকে স্বাক্ষরসহ স্মারকলিপি দেয়া হবে। এ জন্য আমরা ক্যাম্পাসের শহীদ মিনারের সামনে স্বাক্ষর সংগ্রহ করতে যাই। এ সময় ছাত্রলীগের নেতাকর্মীরা তা বন্ধ করতে বলে। কিন্তু আমরা স্বাক্ষর সংগ্রহ অব্যাহত রাখলে তারা আমাদের ওপর হামলা করে। বিষয়টি অধ্যক্ষকে লিখিতভাবে জানালেও তিনি কোনো ব্যবস্থা নেননি। পরে আমরা আবার স্বাক্ষর সংগ্রহ শুরু করলে ছাত্র লীগ নেতা শোয়েবের নেতৃত্বে কর্মীরা আমাদের মারধর করে। আমরা কলেজের ছাত্র হওয়া সত্ত্বেও এবং অপ্রীতিকর কোনো কিছু না করার পরও তারা আমাদের মারতে মারতে কলেজ থেকে বের করে দেয়। এ বিষয়ে নিউমার্কেট থানা পুলিশ জানায়, তারা এ ধরনের কোনো অভিযোগ পাননি।